নিউইয়র্ক স্টেট অফিসে নতুন আমেরিকাবাসীদের জন্য স্বেচ্ছামূলক সহযোগিতা

আমরা নতুন আমেরিকাবাসীদের সুবিধা প্রদান কেন্দ্রের অফিসে (Office for New Americans Opportunity Centers) ইংরেজিতে দক্ষ নিউইয়র্কবাসীদের নতুন আমেরিকাবাসীদের ইংরেজি শিখতে এবং নাগরিক অধিকার পাওয়ার পরীক্ষার জন্য প্রস্তুত হতে স্বেচ্ছামূলক সহায়তা করার জন্য উৎসাহিত করি। স্বেচ্ছামূলক সহযোগিতার মধ্যে অন্তর্ভুক্ত:

- একজন নতুন আমেরিকাবাসীকে একটি ক্লাসের-মধ্যে বা কম্পিউটার ল্যাবরেটরি সেটিংয়ে একটি কম্পিউটার ভিত্তিক শিক্ষণ প্রোগ্রামে ইংরেজি অনুশীলন করার জন্য একটি কম্পিউটার বা ট্যাবলেট ডিভাইস ব্যবহার করতে সহায়তা করা।
- ক্লাসরুম নির্দেশ অনুযায়ী একটি একজনের সাথে একজনের বা একসাথে অনেক জনের কথোপকথনের অনুশীলনের সেশন আয়োজন করা বা তাতে অংশগ্রহণ করা।
- নাগরিক অধিকার পাওয়ার পরীক্ষার মার্কিন যুক্তরাষ্ট্রে নাগরিক অংশবিশেষের ওপর নতুন আমেরিকাবাসীদের জন্য মক টেস্ট আয়োজন করা।
- একজন গ্রাহকের মোবাইল ফোনে আমাদের মার্কিন যুক্তরাষ্ট্রে নাগরিক অধিকার পাওয়ার প্রস্তুতির মোবাইল ফোন অ্যাপলিকেশান স্থাপন করা।
- নাগরিক অধিকার পাওয়ার উদ্যোগের সময় উপকরণগত সহায়তা প্রদান করা।

আপনার নিকটবর্তী একটি সুবিধা প্রদান কেন্দ্র খুঁজে পেতে, আমাদের ওয়েবসাইট দেখুন:

www.newamericans.ny.gov

নতুনআমেরিকানদেরহটলাইন

নিউ আমেরিকান হটলাইন
নিউইয়র্ক রাজ্যের টোল-ফ্রি, বহুভাষাভিত্তিক হটলাইনে তথ্য ও রেফারেল উপলব্ধ আছে।
নিউ আমেরিকান হটলাইন

1-800-566-7636

Rev. 10/17 - BN

NEW YORK STATE
OFFICE for NEW AMERICANS
E PLURIBUS UNUM

"আমরা একটি অভিবাসী ভিত্তিক রাজ্য... যখন অন্য রাজ্যগুলি লোকজনের প্রবেশ আটকাতে দেওয়াল তুলে দেয়, তখন আমরা লোকদের আমাদের রাজ্যে আসার আমন্ত্রণ জানাতে হাত বাড়িয়ে দিই।"

- নগরাধ্যক্ষ Andrew M. Cuomo

নিউইয়র্কের ক্রমবর্ধমান অভিবাসী জনসংখ্যাকে পরিষেবা প্রদান করে

নতুন আমেরিকাবাসীদের জন্য নিউইয়র্ক স্টেট অফিস(The New York State Office for New Americans, ONA) হল রাজ্যের অর্থনীতিকে উজ্জীবিত করতে নতুন আমেরিকাবাসীদের প্রতিভা এবং উদ্যোগমূলক মানসিকতাকে উৎসাহ প্রদানের দিকে লক্ষ্য রেখে প্রথম রাজ্যব্যাপী অফিস। ও.এন.এ (ONA) 27 টি প্রতিবেশী-ভিত্তিক সুবিধা প্রদান কেন্দ্রের একটি নেটওয়ার্ক স্থাপন করেছে, যা ইংরেজি শেখানোর জন্য একটি প্রধান প্রচার অভিযান উদ্যোগ গ্রহণ করতে জনকল্যাণমূলক সংস্থা, শিক্ষা প্রতিষ্ঠান, সরকারী সংস্থা এবং বেসরকারি সংস্থার সাথে কাজ করে; চমকপ্রদভাবে স্বাভাবিক নাগরিকের সংখ্যা বৃদ্ধি করে; ব্যবসা শুরু করার উদ্যোগমূলক মানসিকতাকে অনুপ্রাণিত করে; নতুন আমেরিকাবাসীদের অব্যবহৃত পেশাগত দক্ষতা ব্যবহার করে; এবং, নতুন আমেরিকাবাসীদের বঞ্চিত হওয়া হ্রাস করে।

"আমি নগরাধ্যক্ষ Cuomoকে ধন্যবাদ জানাই, যিনি উপলব্ধি করেছেন যে, বৈচিত্র্যই নিউইয়র্কের সবথেকে বড়শক্তি এবং সেই অভিবাসীরাই তার সাফল্যের চাবিকাঠি। আমরা আমাদের অভিবাসী সম্প্রদায়দের পাশে থাকার জন্য এবং অর্থনৈতিক সুবিধা প্রদান করার জন্য গর্বিত যা সকল নিউইয়র্কবাসীদের উপকার করবে।"

- রাষ্ট্রসচিব Rossana Rosado

নিউইয়র্কের জনসংখ্যা	দেশের অভ্যন্তরে জন্ম	নতুন আমেরিকাবাসী
বছর 2000	15,108,324	3,868,133
বছর 2010	15,080,490	4,297,612
বৃদ্ধির %	-0.18%	11.10%

ইংরেজি ভাষার দক্ষতা উন্নত করে

এক মিলিয়নেরও বেশী নিউইয়র্কবাসীদের ইংরেজীতে দক্ষতা সীমিত। সেটি নিউইয়র্কের বিদেশে-জাত জনসংখ্যার 28%। প্রত্যেক ও.এন.এ সুবিধা প্রদান কেন্দ্র (ONA Opportunity Center) 200-র বেশি ইংরেজিতে সীমিত দক্ষ ক্লায়েন্টদের কমপক্ষে 200 ঘন্টার ই.এস.ও.এল (ESOL) নির্দেশনা প্রদান করে, যার ফলে আমাদের রাষ্ট্রে নতুন আমেরিকাবাসীদের ইংরেজি ভাষাতে অ্যাক্সেস চমকপ্রদভাবে বৃদ্ধি পেয়েছে।

নাগরিক অধিকার পাওয়া নাগরিকের সংখ্যা বৃদ্ধি করে

যে সকল বিদেশ-জাত নিউইয়র্কবাসী তাঁদের আমেরিকার নাগরিক হওয়ার স্বপ্ন পূরণের জন্য আকুল, আমরা তাঁদের অনুপ্রাণিত এবং সক্ষম করি। প্রত্যেক ও.এন.এ সুবিধা প্রদান কেন্দ্র (ONA Opportunity Center) নাগরিক অধিকার পাওয়ার আবেদন প্রক্রিয়াকরণের মাধ্যমে কমপক্ষে 100 জন নতুন আমেরিকাবাসীদের সহায়তা করে এবং পরীক্ষার প্রস্তুতির প্রশিক্ষণে সরাসরি অ্যাক্সেস প্রদান করে।

ও.এন.এ সুবিধা প্রদান কেন্দ্রগুলি (ONA Opportunity Center) অভিবাসন আইনে পারদর্শী অ্যাটর্নীদের একটি দল দ্বারা সমর্থিত। ও.এন.এ (ONA) আইনি উপদেষ্টামন্ডলী বিদ্যমান সম্প্রদায়ভিত্তিক সংগঠনের মধ্যে অবস্থিত এবং রাষ্ট্রে তাদের অবস্থানের ওপর ভিত্তি করে কাজ অর্পণ করা হয়। এইও.এন.এ (ONA) আইনি উপদেষ্টামন্ডলী মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক অধিকার পাওয়ার আবেদনগুলি পর্যালোচনা করে; ও.এন.এ সুবিধা প্রদান কেন্দ্রগুলিতে (ONA Opportunity Center) নাগরিকত্ব প্রদান উদ্যোগের তত্ত্বাবধান করে; অভিবাসন আইন সংক্রান্ত পরামর্শের নির্ধারিত দিনগুলিতে নতুন আমেরিকাবাসীদের সাথে সাক্ষাৎ করে এবং অভিবাসন আইন সংক্রান্ত প্রশ্ন সম্পর্কে উপদেশ দেন; এবং যুক্তরাষ্ট্রীয় অভিবাসন নীতির পরিবর্তনগুলিতে [অর্থাৎ ডি.এ.সি.এ (DACA),ব্যাপক অভিবাসন পরিকল্পনা] রাষ্ট্রের প্রতিক্রিয়া জানানোর প্রচেষ্টায় সহায়তা করে।

নতুন আমেরিকাবাসীদের ছোট ব্যবসা খোলার উপযোগী করে তোলে

নিউইয়র্ক রাষ্ট্রের অর্থনৈতিক উন্নয়ন অব্যাহত রাখতে অভিবাসীদের ভূমিকা গুরুত্বপূর্ণ। 2012 তে, ফিসকাল নীতি প্রতিষ্ঠান (Fiscal Policy Institute) , অনেক মানুষ যা স্বভাবগতভাবেই জানত তা নিশ্চিত করেছে: এই যে তারা উদ্যোগবান মানুষ। নিউইয়র্ক সিটির ছোট ব্যবসার প্রায় অর্ধেক মালিক অভিবাসী, মোট 69,000 ব্যবসার বেশি।

প্রত্যেক ও.এন.এ সুবিধা প্রদান কেন্দ্র (ONA Opportunity Center) প্রতি বছরে কমপক্ষে চারটি "আপনার নিজস্ব ব্যবসা শুরু করার সেমিনার" এর আয়োজন করে। সেমিনারের পরে, প্রত্যেক নতুন আমেরিকাবাসী ক্লায়েন্ট, ব্যবসা উন্নয়নের সহায়তার প্রয়োজনীয়তার স্তর নির্ধারণ করার জন্য একজন ব্যবসা সম্পর্কিত প্রশিক্ষকের সাথে আলোচনা করেন। যেসকল ব্যক্তি তাঁদের নিজের দেশে একটি ব্যবসায়িক পটভূমি থেকে এসেছেন তাঁরা একজন ব্যবসা সম্পর্কিত প্রশিক্ষকের সাথে পাঁচ থেকে নবার আলোচনা করেন। নতুন উদীয়মান উদ্যোক্তাদের একটি নিবিড় একাধিক সপ্তাহের ব্যবসা ভিত্তিক ক্লাসের মাধ্যমে ট্র্যাক করা হয়। প্রত্যেক ট্র্যাকের শেষে নতুন আমেরিকাবাসী ক্লায়েন্টরা একটি ব্যবসার পরিকল্পনা প্রদান করেন এবং পরবর্তীকালে রাষ্ট্র এবং বেসরকারী উৎসের মাধ্যমে মূলধনে অ্যাক্সেস লাভ করেন।

চাইল্ডহুড অ্যারাইভেলের জন্য বিলম্বিত পদক্ষেপ

প্রতারণাপূর্ণ অভিবাসন পরিষেবার শিকার তরুণদের জন্যও.এন.এ (ONA) বিলম্বিত পদক্ষেপ নামে একটি বিকল্প প্রদান করে। নিউইয়র্ক স্টেট জুড়ে তরুণ ব্যক্তিদের অভিবাসন আইন পরামর্শ এবং অভিবাসী পরিসেবা প্রদানকারীদের আইনি কারিগরি সহায়তা প্রদান করার জন্য আমাদের অভিজ্ঞ অভিবাসন আইনজীবীদের একটি দল আছে।